তারিখ ... JAN. 8 .. 1999 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

দৈনিক সংবাদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সূত্র নং-যুক্রীম/ক্রীড়া-১/৩এস-২/৯৮-২৭৭২

তারিখ ঃ ১৭ পৌষ ১৪০৫ / ৩১ ডিসেম্বর ১৯৯৮

# বিষয় ঃ ১৯৯৯-২০০০ শিক্ষা বৎসরে ভারত সরকার কর্তৃক প্রদত্ত ক্রীড়াবৃত্তি প্রসঙ্গে।

বাংলাদেশ-ভারত সাংস্কৃতিক চুক্তির অধীনে ১৯৯৯-২০০০ শিক্ষা বৎসরে ভারত সরকার প্রদত্ত ক্রীড়া ক্ষেত্রে নিম্নে বর্ণিত ১০টি বৃত্তির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছেঃ-

| ক্রমিক নং | বিষয় | বৃত্তির সংখ্যা |
|---|---|---|
| (১) | এম.পি.এড | ১টি |
| (২) | ফুটবল | ১টি |
| (৩) | ক্রিকেট | ২টি |
| (৪) | এ্যাথলেটিক্স | ১টি |
| (৫) | ভলিবল | ১টি |
| (৬) | হকি | ১টি |
| (৭) | স্পোর্টস সায়েন্স | ১টি |
| (৮) | সাঁতার | ১টি |
| (৯) | জিমন্যাস্টিক | ১টি |

২। এই বৃত্তির সময়কাল হইবে দুই বৎসর।

৩। শিক্ষাগত যোগ্যতা ঃ

(ক) কলা/বিজ্ঞান/বাণিজ্য/শারীরিক শিক্ষার উপর স্নাতক ডিগ্রীসহ ক্রীড়াক্ষেত্রে দক্ষতা। প্রতি পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর থাকিতে হইবে।

(খ) উচ্চ মাধ্যমিক শিক্ষাসহ আন্তর্জাতিক ক্রীড়া ক্ষেত্রে অংশগ্রহণকারী অথবা

(গ) উচ্চ মাধ্যমিক শিক্ষাসহ জাতীয় পর্যায়ে তিন বৎসরের বিশেষ কৃতিত্ব।

৪। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

৫। বয়স ঃ ২১-৩৫ বৎসর। বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হইবে।

৬। স্বাস্থ্য ঃ ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। প্রার্থীদের আবেদনপত্রের সাথে তাহার যে এইডস-এর জীবাণুমুক্ত এই মর্মে ডাক্তারী সার্টিফিকেট জমা দিতে হইবে।

৭। ক্রীড়াক্ষেত্রে প্রার্থীর উচ্চ দক্ষতা আবশ্যক। যাহারা আন্তর্জাতিক ক্ষেত্রে দেশের প্রতিনিধিত্ব করিয়াছেন অথবা জাতীয় পর্যায়ে যাহাদের বিশেষ কৃতিত্ব রহিয়াছে তাহাদের অগ্রাধিকার দেওয়া হইবে।

৮। প্রার্থীর অবশ্যই ইংরেজী ভাষার উপর দক্ষতা থাকিতে হইবে।

৯। প্রার্থীকে সৎ, চরিত্রবান ও সামাজিক হইতে হইবে এবং নেতৃত্ব গুণ থাকিতে হইবে। কোন প্রতিষ্ঠান হইতে বহিষ্কারকৃত প্রার্থী আবেদনের যোগ্য হইবে না।

১০। ছাত্র অথবা চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

১১। আবেদনপত্র সাদা কাগজে নিম্নে বর্ণিত বিবরণ ও তথ্য, তিন কপি পাসপোর্ট সাইজ ছবি, নাগরিকত্বের সার্টিফিকেটসহ ১৪ জানুয়ারি, ১৯৯৯ (২৭ পৌষ, ১৪০৫) তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাইতে হইবে।

(১) নাম ঃ
(২) পিতার নাম/ স্বামীর নাম ঃ
(৩) বর্তমান ঠিকানা ঃ
(৪) স্থায়ী ঠিকানা ঃ
(৫) বয়স ঃ
(৬) শিক্ষাগত যোগ্যতা (সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ) ঃ
(৭) প্রস্তাবিত শিক্ষা ক্ষেত্র ঃ
(৮) বিবাহিত/অবিবাহিত ঃ
(৯) ক্রীড়া ক্ষেত্রে দক্ষতা ও সাফল্য (প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপিসহ) ঃ
(১০) বর্তমান চাকরিতে থাকিলে পদবী, চাকরির বয়স ও নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্ণ ঠিকানা ঃ
(১১) অন্য কোন বৃত্তি পাইয়া থাকিলে অথবা অন্য কোন বৃত্তির জন্য আবেদন করিয়া থাকিলে উহার নাম ঃ
(১২) ছাত্র হইলে শ্রেণী ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ
(১৩) আবেদনপত্রের সপক্ষে অন্য কোন তথ্য (যদি থাকে) ঃ

মোঃ আবদুর রাজ্জাক হাওলাদার
সহকারী সচিব
টেলি ঃ ৮৬৩১৬৭

ডিএফপি-২৭৭৩৮-৩/১
সি-১৩৮ (১২/২)